

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার
সংস্থাপন শাখা
www.moulvibazar.gov.bd

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত জেলা নৈতিকতা কমিটি'র সভার কার্যবিবরণী :

সভাপতি : মীর নাহিদ আহসান
জেলা প্রশাসক
মৌলভীবাজার
তারিখ : ডিসেম্বর ২৪, ২০২০ খ্রিস্টাব্দ
সময় : দুপুর ০১.৩০ ঘটিকা
স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিতি: পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্রমিক নম্বর	আলোচনার বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
০১	যথাসময়ে কর্মস্থলে উপস্থিতিঃ অফিসের সকল কর্মকর্তা/কর্মচারীকে যথাসময়ে অফিসে আবশ্যিকভাবে উপস্থিত হবে এবং অফিসের সংরক্ষিত সংশ্লিষ্ট হাজিরা খাতায় নিয়মিত স্বাক্ষর করতে হবে।	অফিসে সংরক্ষিত সংশ্লিষ্ট হাজিরা খাতা নিয়মিত মনিটরিং এর মাধ্যমে সকল কর্মকর্তা/কর্মচারীকে যথাসময়ে কর্মস্থলে উপস্থিতি নিশ্চিত অব্যাহত রাখতে হবে।	উপপরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মৌলভীবাজার।
০২	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ এর ২য় ত্রৈমাসিক প্রতিবেদনঃ অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) ও সদস্য সচিব, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা সংক্রান্ত জেলা নৈতিকতা কমিটি, মৌলভীবাজার সভায় জানান যে, এ কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ এর ২য় ত্রৈমাসিক প্রতিবেদন প্রমাণকসহ আগামী ১৫ জানুয়ারি ২০২১ তারিখের মধ্যে কমিশনার, সিলেট বিভাগ, সিলেট মহোদয় বরাবর প্রেরণ এবং উপজেলা পর্যায়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ এর ২য় ত্রৈমাসিক প্রতিবেদন এ কার্যালয়ে বর্ণিত তারিখের মধ্যে দাখিল করার বাধ্যবাধকতা রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	নির্ধারিত সময়ের মধ্যে এ কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর ২য় ত্রৈমাসিক প্রতিবেদন প্রমাণকসহ কমিশনার, সিলেট বিভাগ, সিলেট মহোদয় বরাবর প্রেরণসহ ওয়েবপোর্টালে আপলোড নিশ্চিত করতে হবে। অনুরূপভাবে উপজেলা পর্যায়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর ২য় ত্রৈমাসিক প্রতিবেদন প্রমাণকসহ এ কার্যালয়ে দাখিলক্রমে স্ব স্ব ওয়েব পোর্টালের নির্ধারিত সেবাবক্সে আপলোড নিশ্চিত করতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার (সকল), মৌলভীবাজার/প্রশাসনিক কর্মকর্তা, সংস্থাপন শাখা জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার।
০৩	প্রতিবেদন প্রেরণঃ সভায় এ কার্যালয় হতে উর্ধ্বতন দপ্তরসমূহে এবং উপজেলা কার্যালয় হতে এ কার্যালয়ে মাসিক প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	সকল প্রতিবেদন নির্ধারিত সময়সীমার মধ্যে উর্ধ্বতন দপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে।	উপপরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মৌলভীবাজার।

ক্রমিক নম্বর	আলোচনার বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
			উপজেলা নির্বাহী অফিসার (সকল)/সহকারী কমিশনার (ভূমি) (সকল), মৌলভীবাজার। সহকারী কমিশনার (সকল) শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার।

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


(মীর নাহিদ আহসান)

জেলা প্রশাসক
মৌলভীবাজার

ও

সভাপতি

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা সংক্রান্ত

জেলা নৈতিকতা কমিটি, মৌলভীবাজার।


dcmoulvibazar@mopa.gov.bd

স্মারক নম্বর ০৫.৪৬.৫৮০০.০০৬.১৪.০০১.২০. ১৬ (৪৭)

তারিখ: ২২ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ
০৬ জানুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৪. উপপরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার।
৫. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মৌলভীবাজার।
৬. উপজেলা নির্বাহী অফিসার (সকল), মৌলভীবাজার।
৭. সহকারী কমিশনার (ভূমি), (সকল), মৌলভীবাজার।
৮. সহকারী কমিশনার (সকল) শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার।
৯. সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার(জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. প্রোগ্রামার, জেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, মৌলভীবাজার (ওয়েবপোর্টালে কার্যবিবরণী প্রকাশের অনুরোধসহ)।
১১. প্রশাসনিক কর্মকর্তা, সংস্থাপন শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার।


০৩.০২.২০২১

(মোঃ মামুনুর রশীদ)

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)

ও

সদস্য সচিব

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা

সংক্রান্ত জেলা নৈতিকতা কমিটি,

মৌলভীবাজার।

সভায় উপস্থিতি (স্বাক্ষরের ক্রমানুসারে) পরিশিষ্ট 'ক'

- ১। জনাব মোঃ মামুনুর রশীদ, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), মৌলভীবাজার।
- ২। জনাব মল্লিকা দে, অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব), মৌলভীবাজার।
- ৩। জনাব তানিয়া সুলতানা, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মৌলভীবাজার।
- ৪। জনাব মো: আমিরুল কবির, সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, মৌলভীবাজার।
- ৫। জনাব মোঃ মহিবুর রহমান, প্রশাসনিক কর্মকর্তা, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার।

=====